


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গোপালগঞ্জ-৮১০০



শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের আপত্তি-অপত্তি নীতিমালা

প্রণয়ন কমিটি কর্তৃক প্রণীত অনুমোদিত নীতিমালা

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ ৮১০০

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকবৃন্দের পদ উন্নীত করণের (আপগ্রেডেশন) মাধ্যমে উচ্চতর পদে নিয়োগ, গবেষণা প্রণোদনা ও সিলেকশন গ্রেড সংক্রান্ত নীতিমালার প্রস্তাবনাঃ

২য় সংশোধনী : ২৭/০৮/২০১৬ তারিখ অনুষ্ঠিত ২০তম রিজেন্ট বোর্ডের সভার সিদ্ধান্ত অনুসারে শিক্ষকদের আপগ্রেডেশন নীতিমালা নিম্নরূপ সংশোধন করা হয়।

### আপগ্রেডেশন নীতিমালা

#### সাধারণ নীতিমালাঃ

- (ক) স্বীকৃত জার্নাল বলতে রেফারীড ( Peer Reviewed Journal) জার্নাল বোঝাবে।
- (খ) গবেষণা প্রকাশনা বলতে গবেষণা প্রবন্ধ (Peer Reviewed Article ) এবং নিজ নিজ বিষয়ে রচিত গবেষণামূলক প্রকাশিত গ্রন্থ বোঝাবে ( ISSN নম্বর সম্বলিত গবেষণা পত্রিকা অথবা ISBN নম্বর সম্বলিত গবেষণা পুস্তক বোঝাবে)। যৌথ প্রকাশনার ক্ষেত্রে প্রথম ৩ জন লেখক পূর্ণ এবং পরবর্তী লেখকগণের ক্ষেত্রে অর্ধেক প্রকাশনা হিসেবে গণ্য হবে।
- (গ) বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট ও গবেষণা প্রতিষ্ঠান বলতে দেশের ও বিদেশের সরকার/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অনুমোদিত বিশ্ববিদ্যালয় এবং স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান বোঝাবে।
- (ঘ) অন্যান্য বিশ্ববিদ্যালয় পর্যায়ে (অনার্স/মাস্টার্স) শিক্ষাদান/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১০০% ভাগ, গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে কর্মরতদের ক্ষেত্রে ৭৫% ভাগ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ৫০% ভাগ পূর্ব অভিজ্ঞতা হিসেবে বিবেচনা করা হবে। কিন্তু প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা গণ্য করা হবে।
- (ঙ) সংশ্লিষ্ট বিষয়ে সঙ্গতিপূর্ণ পদে সরকারী, বেসরকারী, সরকার স্বীকৃত প্রতিষ্ঠানে চাকুরীকালের ৪০% সময়কাল অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে।
- (চ) সমমানের ডিগ্রী বা চাকুরীকাল গণনার ক্ষেত্রে প্রয়োজনে প্রশাসনিকভাবে গঠিত কমিটির মতামত গ্রহণ করা যাবে।
- (ছ) চাকুরীর অভিজ্ঞতা নির্ধারণের ক্ষেত্রে পূর্ণকালীন চাকুরী হইতে হবে।
- (জ) ব্যক্তি মালিকানধীন প্রতিষ্ঠানের চাকুরীর অভিজ্ঞতা গণনার সুযোগ থাকবে না।

আপগ্রেডেশনের মাধ্যমে সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদসমূহে নিয়োগের যোগ্যতাঃ

#### (১) প্রভাষক পদ থেকে সহকারী অধ্যাপক পদে উন্নীত হওয়ার যোগ্যতাঃ

প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে অন্ততঃ ৬ (ছয়)মাসের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে এমফিল ডিগ্রীসহ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে অন্ততঃ ২ (দুই)বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

কর্মরত শিক্ষকবৃন্দের যদি কারও মাস্টার্স ডিগ্রী না থাকে সে ক্ষেত্রে প্রার্থীর স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং বিশ্ববিদ্যালয়ে মোট ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। তবে এ ক্ষেত্রে স্বীকৃত জার্নালে প্রার্থীর দুইটি প্রকাশনা থাকতে হবে। এ সিদ্ধান্ত অন্যান্য ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

